

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন “সরকারী বিনিয়োগ অধিকতর কার্যকর করার জন্য সেক্টর পরিকল্পনা প্রণয়ন ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা উন্নয়ন” শীর্ষক প্রকল্পের জন্য নিম্নবর্ণিত পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প চলাকালীন সময়ের জন্য পূরণের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আবেদন ফরম পরিকল্পনা বিভাগের ওয়েব সাইট (www.plandiv.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে এবং অফিস চলাকালীন সময়ে কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান দপ্তর (কক্ষ-১৩-১৪, ব্লক-১৭, পরিকল্পনা কমিশন চত্বর, শেরে বাংলা নগর, ঢাকা) হতেও সংগ্রহ করা যাবে।

ক্রমিক	পদের নাম ও সাকুল্য বেতন	পদের সংখ্যা	কর্মস্থল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১	হিসাব রক্ষক সাকুল্য বেতনঃ জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১৩।	১ (এক) টি	পরিকল্পনা কমিশন চত্বর, শেরে বাংলা নগর, ঢাকা।	বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	সকল বিভাগ
২	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক সাকুল্য বেতনঃ জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১৬।	১ (এক) টি		এইচএসসি/সমমান পাস এবং MS Word, MS Excel ও MS PowerPoint এ দক্ষতা সম্পন্ন (প্রতি মিনিটে কমপক্ষে বাংলা ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ কম্পোজিং গতি সম্পন্ন) হতে হবে।	সকল বিভাগ

শর্তাবলী:

- আবেদনপত্র প্রকল্প পরিচালক, “সরকারী বিনিয়োগ অধিকতর কার্যকর করার জন্য সেক্টর পরিকল্পনা প্রণয়ন ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা উন্নয়ন শীর্ষক প্রকল্প”, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন বরাবর আগামী ০২-০৪-২০১৮ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদনে উল্লেখিত তথ্য প্রমাণের জন্য মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ বা মিথ্যা তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০২-০৪-২০১৮ খ্রিঃ তারিখে সাধারণ চাকুরী প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর, তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর এবং বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩৫ বছর হতে হবে।
- আবেদনকৃত পদের নাম খামের উপরে বাম দিকের কোনায় স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- প্রার্থীর পত্র যোগাযোগের ঠিকানা ও ডাকটিকেটসহ ৯.৫ X ৪.৫ সাইজের ১টি ফেরত খাম আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।
- প্রাপ্ত সকল আবেদনপত্র যাচাই-বাছাই করে কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে। লিখিত পরীক্ষা/ ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান বিধি বিধান এবং কোটা পদ্ধতি অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
- সরকারী/আধা-সরকারী সংস্থায় চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম আবেদন গ্রহণযোগ্য হবে না।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করবে।